



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .....	১৩
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .....	১৪
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ .....	১৫

**দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
**(Overview of the Performance of the Department/Organization)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

দেশব্যাপি অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক এর বিস্তৃতির অংশ হিসাবে বিগত তিন বছরে বৃদ্ধি পেয়ে বিভাগীয় শহর, জেলাসহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক এর দৈর্ঘ্য বর্তমানে প্রায় ৩৯,২০০ কি. মি. দাঁড়িয়েছে। ফলে ডিজিটাল টেলিফোন ও ইন্টারনেট সুবিধা প্রত্যন্ত অঞ্চলের জনগণের কাছে পৌঁছেছে। SEA-ME-WE 4 ও SEA-ME-WE 5 সাবমেরিন ক্যাবল এবং আইটিসি এর জন্য ব্যাকহল প্রদানসহ দেশব্যাপি অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন নেটওয়ার্কের মাধ্যমে ব্যাকহল ব্যান্ডউইথের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। লিজড ইন্টারনেট ব্যান্ডউইডথ (১ Mbps) এর গড় মূল্য ২ শত ৮৫ টাকা থেকে কমিয়ে ২ শত ১০ টাকা করা হয়েছে। ফলে ব্রডব্যান্ড ইন্টারনেট এর ব্যবহার বৃদ্ধি পেয়েছে। ব্যবহৃত ট্রান্সমিশন ব্যাকহল ব্যান্ডউইডথ ৭১০ Gbps এবং ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ ৬৪৫ Gbps এ উপনীত হয়েছে। আধুনিক টেলিফোন সেবা প্রদান কার্যক্রমের অংশ হিসাবে অ্যাপবেজড টেলিফোনি সেবা 'আলাপ' চালু করা হয়েছে। দেশের সকল জেলায় উচ্চগতির ইন্টারনেট সুবিধা সম্বলিত GPON সংযোগ প্রদান করা হয়েছে এবং সংযোগ সংখ্যা ৮৪,০০০ এ দাঁড়িয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বিভিন্ন সরকারী/বেসরকারী উন্নয়ন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক রাস্তা খনন কাজের সময় প্রায়ই বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক ক্ষতিগ্রস্ত হওয়া এবং এ বিষয়ে অনেকক্ষেত্রেই সংস্থা/প্রতিষ্ঠানসমূহের নিকট হতে কাঙ্ক্ষিত সহযোগিতা না পাওয়া, প্রকল্প অনুমোদনে/ অর্থ প্রাপ্তিতে বিলম্ব ইত্যাদি কারণে লক্ষ্য অর্জন অনেকাংশে বিলম্বিত/ব্যাহত হয়। সরকারী বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানসমূহের মধ্যে পারস্পরিক সমন্বয় ও সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে উপরোক্ত সমস্যাগুলো মোকাবেলা করা সম্ভবপর হবে। এছাড়া চলমান বৈশ্বিক পরিস্থিতিতে ব্যয় সংকোচন, লেটার অব ক্রেডিট খুলতে জটিলতা ইত্যাদি চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রমে প্রভাব ফেলেছে। সেবা প্রদানকারী প্রাইভেট এনটিটিএন ও আইআইজিদের সাথে প্রতিযোগিতা, দূত পরিবর্তনশীল গ্রাহক চাহিদা ইত্যাদি বিষয়গুলোও লক্ষ্যমাত্রা অর্জনে যথেষ্ট প্রভাব বিস্তার করে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দেশব্যাপি বিস্তৃত ট্রান্সমিশন নেটওয়ার্কের ৫-জি উপযোগী ও ব্যাকআপসহ ক্যাগাসিটি বৃদ্ধিকরণ, আইপি নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ এবং ডাটা ও ট্রান্সমিশন নেটওয়ার্কের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে ডিজিটাল কানেকটিভিটি শক্তিশালীকরণ এবং উচ্চগতির ব্রডব্যান্ড সেবা বিস্তৃতির জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। দেশের অর্থনৈতিক উন্নয়নের চালিকা শক্তি অর্থনৈতিক অঞ্চলসমূহে পর্যায়ক্রমে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপনের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইউনিয়ন ও সুবিধাবঞ্চিত হাওড়-বাওর এবং দুর্গম অঞ্চলসমূহে ওয়াই-ফাই এর মাধ্যমে ইন্টারনেট সেবা প্রদান ও প্রান্তিক পর্যায়ের জনগণের নিকট ইন্টারনেট সেবা সহজে পৌঁছে দেয়ার লক্ষ্যে নেটওয়ার্ক বিস্তৃতির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উপজেলা পর্যায়ে GPON নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৮০০ Gbps (ফ্রেমপুঞ্জিত) ট্রান্সমিশন ব্যাকহল সেবা প্রদান।
- ৭৫০ Gbps (ফ্রেমপুঞ্জিত) ইন্টারনেট ব্যান্ডউইডথ সেবা প্রদান।
- ১,১০,০০০ সংখ্যক (ফ্রেমপুঞ্জিত) GPON সংযোগ প্রদান।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ..... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### দৃষ্টি/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

সাশ্রয়ী মূল্যে টেকসই আধুনিক টেলিযোগাযোগ সেবা।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

টেলিযোগাযোগ নেটওয়ার্ক এর সম্প্রসারণ এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তির সমিবেশ ঘটিয়ে সাশ্রয়ী ও মানসম্পন্ন সমন্বিত টেলিযোগাযোগ সেবা প্রদান।

#### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

##### ১.৩.১ দৃষ্টি/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. দেশব্যাপী ট্রান্সমিশন নেটওয়ার্ক সেবা বিস্তৃতিকরণ
২. জনগণের নিকট যুগপোযোগী ইন্টারনেট সেবা সহজলভ্যকরণ
৩. আধুনিক সুবিধা সম্বলিত টেলিফোন সেবা সম্প্রসারণ
৪. প্রাতিষ্ঠানিক উন্নয়ন

##### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. দেশব্যাপী টেলিযোগাযোগ নেটওয়ার্ক বিস্তৃতিকরণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ
২. সাশ্রয়ীমূল্যে ইন্টারনেট সেবা প্রদান
৩. আধুনিক ও মানসম্মত টেলিযোগাযোগ সেবা প্রদান

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২০-২১	সাক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত সাক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বোধভাবে দায়িত্বপ্রাপ্ত সংস্থানসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২০-২১	২০২১-২২		
টেলিভিশনসিটি ও ব্রডব্যান্ড পেনিট্রেশন বৃদ্ধি	ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইথ	%	২২	২২	২৩	২৩	২৪		বিটিসিএল এর ওয়েবসাইট / বিভিন্ন প্রতিবেদন, বিটিআরসি এর ওয়েবসাইট, ইন্টারনেট ও অন্যান্য তথ্যসূত্র
	ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইথ	%	১৭	১৭	১৮	১৯	২০		বিটিসিএল এর ওয়েবসাইট / বিভিন্ন প্রতিবেদন, বিটিআরসি এর ওয়েবসাইট, ইন্টারনেট ও অন্যান্য তথ্যসূত্র
	GPON সংযোগ	%	১৩	১৩	১৯	২৩	৩০		বিটিসিএল এর অটোমেশন সিস্টেম প্যানেল, ওয়েবসাইট ও বিভিন্ন প্রতিবেদন, বিটিআরসি এর ওয়েবসাইট, ইন্টারনেট ও অন্যান্য তথ্যসূত্র

\*সাময়িক (provisional) তথ্য

বেকশন ৩  
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন ২০২৩-২৪	সফলতার/নির্ধারক ২০২৪-২৫					প্রক্ষেপ ২০২৫-২০২৬	প্রক্ষেপ ২০২৬-২০২৭
									অসাধারণ ২০০%	অতি উত্তম ২০%	উত্তম ১০%	চমতি মান ৭০%	চমতি মানের নিচে ৬০%		
[১] দেশব্যাপী ট্রান্সমিশন নেটওয়ার্ক সেবা বিস্তৃতিকরণ	২৫	[১.১] ট্রান্সমিশন ব্যাকহল সার্ভিস -এর ব্যবহার বৃদ্ধি	[১.১.১] ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ	ক্রমপঞ্জিত	Gbps	২৫	৬৩০	১১৫	৮০৭	৯৫৫	৭৭০	৭৫৫	৮৯০	৯৭০	
[২] জনগণের নিকট মুগ্ধশোষণ ইন্টারনেট সেবা সহজলভ্যকরণ	২০	[২.১] ইন্টারনেট সার্ভিস -এর ব্যবহার বৃদ্ধি	[২.১.১] ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ	ক্রমপঞ্জিত	Gbps	২০	৫৭০	৬৪৫	৭৫০	৭৪০		৭৪০			
[৩] আধুনিক সুবিধা সম্বলিত টেলিফোন সেবা সম্প্রসারণ	১৫	[৩.১] GPON সার্ভিস -এর ব্যবহার বৃদ্ধি	[৩.১.১] GPON সংযোগ	ক্রমপঞ্জিত	সংখ্যা	১৫	৬১৮০০	৮৪০০০	১১০০০০	১০৮০০০	১০৩০০০	১০০০০০	১৪০০০০	১৮০০০০	
[৪] প্রাতিষ্ঠানিক উন্নয়ন	১০	[৪.১] জনবল নিয়োগ	[৪.১.১] জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে নিয়োগপত্র জারি	তারিখ	তারিখ	৩			৩১.১২.২৪	৩১.০১.২৫	১৫.০৩.২৫				

এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	পূর্ণতা পর্যায়	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন ২০২৩-২৪	সম্মতি/নির্দেশক ২০২৪-২৫					প্রকল্প ২০২৫-২০২৬	প্রকল্প ২০২৬-২০২৭
									অপারেশন	অতি উত্তম	উত্তম	চমৎ মান	চমৎ মানের নিচে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
		[৪.২] মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি	[৪.২.১] APA বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	সমষ্টি	সংখ্যা	১			১					২	২
		[৪.৩] সভা আয়োজন	[৪.৩.১] বিটিসিএল এর সমন্বয় সভা আয়োজন	সমষ্টি	সংখ্যা	২			১০	৮	৬			১১	১১
		[৪.৪] পরিদর্শন	[৪.৪.১] এপিএ বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়ন	সমষ্টি	সংখ্যা	২			৪	২				৪	৪
		[৪.৫] ডিজিটাল মার্কেটিং	[৪.৫.১] বিটিসিএল এর অফিসিয়াল ফেসবুক পেইজে পোস্ট	সমষ্টি	সংখ্যা	২			১৬	১২	৯			২০	২৪

এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র


কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	যাত্রের	কর্মসম্পাদন সূচক	পূর্ণা গতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ১৯৭৯-৮০	প্রকৃত অর্জন ১৯৮০-৮১	লক্ষ্যমাত্রা নির্ধারণক ১৯৭৯-৮০					প্রকল্প ১৯৮১-৮২	প্রকল্প ১৯৮২-৮৩
									কর্মসম্পাদন	উত্তম	উত্তম মান	চলতি মাসের	নিম্নে		
									১০০%	৯০%	১০%	৬০%			
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র	[১.১] শূন্যতার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শূন্যতার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিত	প্রাপ্ত নম্বর	১০										
	[১.২] ই-গভর্ন্যান্স/ উচ্চবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উচ্চবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিত	প্রাপ্ত নম্বর	১০										
	[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিত	প্রাপ্ত নম্বর	৮										
	[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিত	প্রাপ্ত নম্বর	৩										
	[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিত	প্রাপ্ত নম্বর	৩										
	৩০														

\*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত:



ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি  
লিমিটেড

২৫/০৬/২০২৪ খ্রি.

তারিখ



সচিব  
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক,  
টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

২৫.০৬.২০২৪,

তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	Gbps	Gigabit per second
২	GPON	Gigabit Passive Optical Network
৩	Mbps	Megabit per second
৪	SEA-ME-WE	South East Asia- Middle East- Western Europe
৫	আইটিসি	ইন্টারন্যাশনাল টেলিস্ট্রিয়াল ক্যাবল
৬	এনটিটিএন	ন্যাশনওয়াইড টেলিকমিউনিকেশন ট্রান্সমিশন নেটওয়ার্ক
৭	ওটিআর	ওভারসীজ টেলিকম রিজিয়ন
৮	ডিটিআর	ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল
৯	বিএসসিসিএল	বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড
১০	বিটিআরসি	বাংলাদেশ টেলিকমিউনিকেশনস রেগুলেটরি কমিশন
১১	বিটিসিএল	বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড
১২	সিজিএম	সিফ জেনারেল ম্যানেজার
১৩	সিটিআর	চট্টগ্রাম টেলিকম রিজিয়ন

**সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর প্রমাণক
[১.১] ট্রান্সমিশন ব্যাকহল সার্ভিস - এর ব্যবহার বৃদ্ধি	[১.১.১] ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ	সিঙ্গিএম, ট্রান্সমিশন (পূর্ব) ও সিঙ্গিএম, ট্রান্সমিশন (পশ্চিম)	সিঙ্গিএম, ট্রান্সমিশন (পূর্ব) ও সিঙ্গিএম, ট্রান্সমিশন (পশ্চিম) সিঙ্গিএম, ট্রান্সমিশন (পূর্ব) ও সিঙ্গিএম, ট্রান্সমিশন (পশ্চিম) -এর প্রতিবেদন
[২.১] ইন্টারনেট সার্ভিস -এর ব্যবহার বৃদ্ধি	[২.১.১] ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ	সিঙ্গিএম, বৈদেশিক টেলিযোগাযোগ অঞ্চল	সিঙ্গিএম, বৈদেশিক টেলিযোগাযোগ অঞ্চল -এর প্রতিবেদন/ সিঙ্গেম জেনারেটেড রিপোর্ট
[৩.১] GPON সার্ভিস -এর ব্যবহার বৃদ্ধি	[৩.১.১] GPON সংযোগ	সিঙ্গিএম-ডিটিআর (পূর্ব), সিঙ্গিএম-ডিটিআর (পশ্চিম), সিঙ্গিএম-ডিটিআর (উত্তর), সিঙ্গিএম-ডিটিআর (দক্ষিণ), সিঙ্গিএম-সিটিআর, সিঙ্গিএম-উত্তরাঞ্চল ও সিঙ্গিএম-দক্ষিণাঞ্চল	সিঙ্গিএম-ডিটিআর (পূর্ব), সিঙ্গিএম-ডিটিআর (পশ্চিম), সিঙ্গিএম-ডিটিআর (উত্তর), সিঙ্গিএম-ডিটিআর (দক্ষিণ), সিঙ্গিএম-সিটিআর, সিঙ্গিএম-উত্তরাঞ্চল ও সিঙ্গিএম-দক্ষিণাঞ্চল -এর প্রতিবেদন/ সিঙ্গেম জেনারেটেড রিপোর্ট
[৪.১] জনবল নিয়োগ	[৪.১.১] জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে নিয়োগপত্র জারি	জিএম (রিক্রুটমেন্ট এন্ড ট্রেনিং)	জারিকৃত নিয়োগপত্র
[৪.২] মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি	[৪.২.১] APA বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	জিএম (রিক্রুটমেন্ট এন্ড ট্রেনিং)	প্রশিক্ষণের অফিস আদেশ ও হাজিরা
[৪.৩] সভা আয়োজন	[৪.৩.১] বিটিসিএল এর সমন্বয় সভা আয়োজন	জিএম (এমডি সচিবালয়)	অনুষ্ঠিত সভার কার্যবিবরণী
[৪.৪] পরিদর্শন	[৪.৪.১] এপিএ বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়ন	বিটিসিএল এপিএ টিম ও সংশ্লিষ্ট এপিএ কার্যক্রম বাস্তবায়নকারী অঞ্চল	পরিদর্শন প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন
[৪.৫] ডিজিটাল মার্কেটিং	[৪.৫.১] বিটিসিএল এর অফিসিয়াল ফেসবুক পেইজে পোস্ট	সিঙ্গিএম (সেলস এন্ড মার্কেটিং)	সিঙ্গিএম (সেলস এন্ড মার্কেটিং) - এর প্রতিবেদন (সংশ্লিষ্ট ফেসবুক পোস্ট এর স্ক্রিনশটসহ)

**সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
ইন্টারনেট সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি	ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ	সড়ক ও জনপথ অধিদপ্তর	সড়ক উন্নয়ন বা মেরামত কাজ করার সময় অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন যাতে রাস্তা খননের সময় বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত না হয়। ট্রান্সমিশন রুট ক্ষতিগ্রস্ত হওয়ায় গুরুত্বপূর্ণ সেবাসমূহে ব্যাঘাত ঘটে। আন্ডারগ্রাউন্ড ক্যাবল মেরামত বা প্রতিস্থাপন অত্যন্ত সময়সাপেক্ষ ও ব্যয়বহুল। অনেক সময় অপটিক্যাল ফাইবার ক্যাবল মেরামত বা প্রতিস্থাপনের নিমিত্ত রাস্তাখননের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পাওয়া যায় না। ঘন ঘন অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত হলে সেবার মানের অবনতি ঘটে এবং গ্রাহক কাক্সিত মাত্রার সেবা হতে বঞ্চিত হন। এতে সংশ্লিষ্ট কর্মসম্পাদনসূচক অর্জন প্রক্রিয়া ব্যাহত হয়।
ট্রান্সমিশন ব্যাকহল সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি	ব্যবহৃত ব্যাকহল ব্যান্ডউইডথ	সড়ক ও জনপথ অধিদপ্তর	সড়ক উন্নয়ন বা মেরামত কাজ করার সময় অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন যাতে রাস্তা খননের সময় বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত না হয়। ট্রান্সমিশন রুট ক্ষতিগ্রস্ত হওয়ায় গুরুত্বপূর্ণ সেবাসমূহে ব্যাঘাত ঘটে। আন্ডারগ্রাউন্ড ক্যাবল মেরামত বা প্রতিস্থাপন অত্যন্ত সময়সাপেক্ষ ও ব্যয়বহুল। অনেক সময় অপটিক্যাল ফাইবার ক্যাবল মেরামত বা প্রতিস্থাপনের নিমিত্ত রাস্তাখননের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পাওয়া যায় না। ঘন ঘন অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত হলে সেবার মানের অবনতি ঘটে এবং গ্রাহক কাক্সিত মাত্রার সেবা হতে বঞ্চিত হন। এতে সংশ্লিষ্ট কর্মসম্পাদনসূচক অর্জন প্রক্রিয়া ব্যাহত হয়।
GPON সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি	GPON সংযোগ	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সেবা প্রদানকারী সংস্থাসমূহ (সিটি কর্পোরেশন ও পৌরসভা, ওয়াসা, তিতাস, বিদ্যুৎ সেবা প্রদানকারী সংস্থাসমূহ, এনটিটিএন সার্ভিস প্রোভাইডার ইত্যাদি)	সরকারি/বেসরকারি সংস্থাসমূহের মেরামত বা খনন কাজ করার সময় অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন যাতে বিটিসিএল এর আন্ডারগ্রাউন্ড ক্যাবল ক্ষতিগ্রস্ত না হয়। অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত সেবাসমূহে ব্যাঘাত ঘটে। আন্ডারগ্রাউন্ড ক্যাবল মেরামত বা প্রতিস্থাপন অত্যন্ত সময়সাপেক্ষ ও ব্যয়বহুল। অনেক সময় অপটিক্যাল ফাইবার ক্যাবল মেরামত বা প্রতিস্থাপনের নিমিত্ত রাস্তাখননের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পাওয়া যায় না। ঘন ঘন অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত হলে সেবার মানের অবনতি ঘটে এবং গ্রাহক কাক্সিত মাত্রার সেবা হতে বঞ্চিত হন। এতে অনেক সম্মানিত গ্রাহক ব্যান্ডউইডথ, ইন্টারনেট, টেলিফোন/GPON সেবা নিতে বা চালিয়ে যেতে নিরুৎসাহিত হন যা সামগ্রিকভাবে সংশ্লিষ্ট কর্মসম্পাদনসূচক অর্জন প্রক্রিয়া ব্যাহত করে।
ইন্টারনেট সার্ভিস-এর ব্যবহার বৃদ্ধি	ব্যবহৃত ইন্টারনেট ব্যান্ডউইডথ	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সেবা প্রদানকারী সংস্থাসমূহ (সিটি কর্পোরেশন ও পৌরসভা, ওয়াসা, তিতাস, বিদ্যুৎ সেবা প্রদানকারী সংস্থাসমূহ, এনটিটিএন সার্ভিস প্রোভাইডার ইত্যাদি)	সরকারি/বেসরকারি সংস্থাসমূহের মেরামত বা খনন কাজ করার সময় অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন যাতে বিটিসিএল এর আন্ডারগ্রাউন্ড ক্যাবল ক্ষতিগ্রস্ত না হয়। অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত সেবাসমূহে ব্যাঘাত ঘটে। আন্ডারগ্রাউন্ড ক্যাবল মেরামত বা প্রতিস্থাপন অত্যন্ত সময়সাপেক্ষ ও ব্যয়বহুল। অনেক সময় অপটিক্যাল ফাইবার ক্যাবল মেরামত বা প্রতিস্থাপনের নিমিত্ত রাস্তাখননের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পাওয়া যায় না। ঘন ঘন অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্ষতিগ্রস্ত হলে সেবার মানের অবনতি ঘটে এবং গ্রাহক কাক্সিত মাত্রার সেবা হতে বঞ্চিত হন। এতে অনেক সম্মানিত গ্রাহক ব্যান্ডউইডথ, ইন্টারনেট, টেলিফোন/GPON সেবা নিতে বা চালিয়ে যেতে নিরুৎসাহিত হন যা সামগ্রিকভাবে সংশ্লিষ্ট কর্মসম্পাদনসূচক অর্জন প্রক্রিয়া ব্যাহত করে।

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**